

১৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

বিষয়: খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র ইনোভেশন টিমের গত ১৪.০১.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মো: মামুনুর রশীদ, উপপরিচালক।
তারিখ	:	১৪.০১.২০১৯ খ্রি.।
সময়	:	সকাল ১১.০০ টা।
স্থান	:	বিএমডি'র সভা কক্ষ।
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

জনাব মো: মামুনুর রশীদ, উপপরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর সভাপতিত্বে গত ১৪.০১.২০১৯ খ্রি. তারিখে বিএমডি'র সভা কক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএমডি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২.০ আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প-২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে সরকার উদ্ভাবন চর্চার উপর গুরুত্বারোপ করেছে। এ লক্ষ্যে সরকারি বিভিন্ন দপ্তরে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সেবা প্রদানকে আরও সহজীকরণ ও জনবান্ধব করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

ইনোভেশন টিমের সদস্য সচিব সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোসা: মাহবুবা খাতুন সভায় জানান যে, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী দপ্তর প্রধানের কক্ষে একটি ড্যাশবোর্ড স্থাপন করার পরিকল্পনা রয়েছে। এটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

ড্যাশবোর্ড স্থাপনের বিষয়ে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হলে ব্যুরো'র আইসিটি বিষয়ক কর্মকর্তা সহকারী পরিচালক (সংযুক্ত) এস.এম. আশরাফুল আবেদীন আশা বলেন ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের সময় দপ্তর প্রধানের কক্ষে যে প্রকারের ড্যাশবোর্ড স্থাপনের পরিকল্পনা করা হয়েছিল তার চেয়ে আমরা যদি ঐ একই ধরনের তথ্য সমৃদ্ধ একটি ওয়েব বেইজ এপ্লিকেশন বানায় এবং তা যদি আমাদের ওয়েবসাইটে লিংক আপ করে দেয়া হয় তাহলে আমরা সহ সাধারণ জনগণও এক নজরে অনেক তথ্য জানতে পারবে। তিনি আরও বলেন এপ্লিকেশনটির নাম 'খনিজ তথ্য কনিকা (Mineral Information Corner)' হতে পারে। এ বিষয়ে সভায় উপস্থিত অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হলে সবাই তার মতামতের সাথে একমত পোষণ করেন।


সভায় বিস্তারিত আলোচনা শেষে প্রস্তাবিত 'খনিজ তথ্য কনিকা (Mineral Information Corner)' এর একটি রূপরেখা প্রণয়ন করা হয়।

পূর্ব পৃষ্ঠার পর হতে-

৩.০ সিদ্ধান্ত:

- ক) প্রস্তাবিত রূপরেখা অনুযায়ী 'খনিজ তথ্য কনিকা (Mineral Information Corner)' তৈরির জন্য অনতিবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- খ) নতুন নতুন ইনোভেটিভ ধারণা বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৬.০১.১৯

(মো: মামুনুর রশীদ)

সভাপতি, ইনোভেশন কমিটি।

ও

উপপরিচালক


খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২ (৫৭)

তারিখ: ০৬ মাঘ ১৪২৫
১৬ জানুয়ারি ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।
২। সংশ্লিষ্ট নথি।


১৬.০১.১৯

মো: মামুনুর রশীদ

উপপরিচালক